দৈনিক বাংলা
তারিখ 30 NOV 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

## জাতীয় বিশ্ববিদ্যালয়

# ডিগ্রী পরীক্ষা আজ শুরু

স্টাফ রিপোর্টার ঃ আজ বুধবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৪ সালের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষা শুরু হবে।

এ বছর জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষায় তালিকা-ভুক্ত পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৮১ হাজার ৫শ ৩২ জন। বিদেশে লন্ডনে বাংলাদেশ দূতাবাসের তত্ত্বাবধানে একটি কেন্দ্রসহ সারাদেশে ৪শ ২৩টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বুধবার থেকে দেশের ৫টি বিভাগে এ পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হবে। ১৯৯৪

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষা আজ

(প্রথম পৃষ্ঠার পর)

সালের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃ-পক্ষ সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করেছেন বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে।

সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণ এবং অসদুপায় অবলম্বন রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষকসহ পরীক্ষা পরিচালনার সাথে জড়িতদের প্রতি আহবান জানি-য়েছেন। কলেজ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকদের সমন্বয়ে ভিজিলেন্স টীম গঠন করে পরীক্ষা পর্যবেক্ষণের জন্য পরীক্ষা কেন্দ্রগুলোতে এই টীম পাঠানোর ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যবস্থা নিয়েছেন। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণ এবং আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার ব্যাপারে শিক্ষা সচিব সকল জেলা প্রশাসক ও পুলিশ সুপারদের প্রতি আহবান জানিয়েছেন। এছাড়াও আন্তঃকলেজ কেন্দ্রে ইনভিজিলেটর নিয়োগের জন্য জেলা প্রশাসকের প্রতি তিনি আহবান জানি-য়েছেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিকটবর্তী এলাকার পরীক্ষা কেন্দ্রসহ ঢাকা মহা-নগরীর পরীক্ষা কেন্দ্রের প্রতিদিনের পরী-ক্ষার উত্তরপত্র গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি কাউন্টার খোলা রাখার ব্যবস্থা করেছে। কাউন্টার প্রতিদিন সকাল ৯ টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত খোলা থাকবে। এছাড়া পরীক্ষা অনুষ্ঠানের দিন-গুলোতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ে একটি নিয়ন্ত্রণ কক্ষ খোলা রাখার ব্যবস্থা করেছে। কক্ষটি সকাল থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত খোলা থাকবে। জরুরী ভিত্তিতে নিয়ন্ত্রণ কক্ষের সঙ্গে যোগাযোগের জন্য কয়েকটি টেলি-ফোন নম্বর দেয়া হয়েছে। টেলিফোন নম্বরগুলো হচ্ছে, পিএবিএক্স ৮৯৩১৬৭, ৮৯৩১৬৮, এক্সটেনশন ঃ ২০৯, ২১০, ২৪৬। সরাসরি ঃ ৮৯৩১৬৬।

OF — SHEETS